জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ
জয়পুরহাট
ফোন ও ফ্যাক্স ঃ ০৫৭১-৬৩৫৪৬
ই-মেইলঃ jgcc.adjt@army.mil.bd

২৬ বৈশাখ ১৪২৮

২৩.০১.৯১১. ৭৬৫.০১.০৩২.০৫.০১.০১.২১/ ০৯ মে ২০২১

প্রতি ঃ

পিতা/অভিভাবকের নাম ঃ...

শিক্ষার্থীর নাম ঃ...

যোগদানপত্র -ক্যাডেট

আনন্দের সাথে জানাচ্ছি যে, ক্যাডেট কলেজসমূহের পরিচালনা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক আপনার সন্তান/পোষ্য ইনডেক্স নং....................নাম................................, ...ক্যাডেট কলেজে ৭ম শ্রেণিতে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছে । ভর্তি পরীক্ষায় গৌরবান্বিত সাফল্যের জন্য তাকে আন্তরিকভাবে অভিনন্দন। ভর্তি কার্যক্রম সম্পন্ন করে আপনার সন্তান/পোষ্যকে....../...../২০২১ তারিখ ১৫০০ ঘটিকার মধ্যে উক্ত ক্যাডেট কলেজে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, কোন পূর্বানুমোদন ছাড়া উক্ত সময়সূচির মধ্যে যোগদানে ব্যর্থ হলে আপনার সন্তানের ক্যাডেট কলেজের ভর্তির বিষয়টি বাতিল করা হবে। নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি দৃষ্টি আর্কষণ করা হলোঃ

১। আপনার সন্তান/পোষ্যের ভর্তি সংক্রান্ত নির্ধারিত ফরমসমূহ (ভর্তি নির্দেশিকা, ভর্তিফরম, অঙ্গীকারপত্র) অত্র কলেজের ওয়েবসাইট থেকে ডাউনলোড বা কলেজ থেকে সরাসরি সংগ্রহ করে পূরণকরতঃ আগামী ০৭ জুন ২০২১ তারিখের মধ্যে সন্তানসহ কলেজে এসে ভর্তির কার্যক্রম সম্পন্ন করবেন।

২। কলেজ কর্তৃপক্ষকে অবহিত না করে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।

৩। ভর্তি নির্দেশিকা ও অঙ্গীকার নামায় উল্লেখিত সকল নির্দেশ/শর্ত পড়ে অনুধাবন করে আপনার সন্তান/পোষ্যকে অবহিত করবেন।

৪। আপনার সন্তান/পোষ্য কলেজে যোগদানের পর কলেজ হাসপাতালে তার চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা করা হবে। স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ না হলে, ভর্তি বাতিল অথবা প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা করা হবে।

৫। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয় স্পষ্টিকরণের জন্য অত্র কলেজের প্রশাসনিক শাখার (মোবাইল নম্বর-০১৭২০৫৩২৬৮২) সাথে যোগাযোগ করা যেতে পারে।

৬। যে কোন আর্থিক বিষয়ে কোন জিজ্ঞাসা থাকলে অত্র কলেজের হিসাবরক্ষণ কর্মকর্তার (মোবাইল নম্বর-০১৭১৫৬৭৩৫৯৩) সাথে যোগাযোগ করা যেতে পারে।

মোঃ ফখর উদ্দিন আখন্দ
অধ্যক্ষ

জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ
জয়পুরহাট
ফোন/ফ্যাক্স ঃ ০৫৭১-৬৩৫৪৬
মোবাইল ঃ ০১৭৬৯-০১১২৪৬
E-mail: jgcc.adjt@army.mil.bd

২৬ বৈশাখ ১৪২৮

২৩.০১.৯১১. ৭৬৫.০১.০৩২.০৫.০১.০১.২১/ ০৯ মে ২০২১

ক্যাডেট কলেজসমূহে ২০২১ সালে ৭ম শ্রেণিতে ভর্তি সংক্রান্ত নির্দেশাবলী

১। আপনার কন্যা/পোষ্য ক্যাডেট কলেজে ২০২১ সালে সপ্তম শ্রেণিতে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছে। ভর্তি পরীক্ষায় সাফল্যের জন্য তাকে আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি। ভর্তির যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করে আগামী ....../...../২০২১ তারিখ ১৫০০ ঘটিকায় আপনার কন্যা/পোষ্য কলেজে যোগদান করবে।

২। আপনার কন্যা/পোষ্যের ভর্তি কার্যক্রম ০১ জুন ২০২১ থেকে ০৭ জুন ২০২১ তারিখের মধ্যে (সরকারী ছুটির দিন ব্যতিত, অফিস চলাকালীন) নিম্নোক্ত কাগজপত্র এবং ফরম পূরণ করতঃ কলেজে উপস্থিত হয়ে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো ঃ

(১) ক্যাডেটশীপ গ্রহণের অংগীকারপত্র (অংগীকার পত্র গ্রহণের নমুনা ক্রোড়পত্র - ক)।
(২) ক্যাডেটের ব্যক্তিগত তথ্যাবলী (ক্রোড়পত্র -খ)।
(৩) পিতা/অভিভাবকের মাসিক আয়ের প্রত্যায়ন পত্র (ক্রোড়পত্র -গ)।
(৪) জরুরী চিকিৎসা/অপারেশনের জন্য কলেজ কর্তৃপক্ষকে বন্ড স্বাক্ষরের প্রাধিকার (ক্রোড়পত্র -চ)।
(৫) পরিবার নিরাপত্তা প্রকল্পের মনোনয়নপত্র (ক্রোড়পত্র -ছ)।
(৬) অবকাশে ক্যাডেটদের গৃহে গমনের প্রত্যায়ন পত্র (ক্রোড়পত্র - জ)।
(৭) প্রাথমিক বৃত্তি সম্পর্কিত তথ্যাবলী (ক্রোড়পত্র -ঝ)।
(৮) সশস্ত্র বাহিনীর কর্মকর্তা/কর্মচারীদের বিবরণ (ক্রোড়পত্র-ট) - (প্রযোজ্য হলে) ।
(৯) পূর্বতন বিদ্যালয় হতে জন্ম তারিখ উল্লেখ পূর্বক ছাড়পত্র এবং জন্ম নিবন্ধন সনদপত্র (ডিজিটাল)।
(১০) প্রাথমিক সমাপনী পরীক্ষা পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(১১) প্রাথমিক বৃত্তির আদেশের সত্যায়িত কপি (যদি বৃত্তি পেয়ে থাকে) এবং সর্বশেষ বৃত্তি উত্তোলনের তারিখ উল্লেখ পূর্বক প্রত্যায়ন পত্র ০২ (দুই) কপি।
(১২) ক্যাডেটের পাসপোর্ট সাইজ এবং স্ট্যাম্প সাইজের রঙিন ছবি ০৪ (চার) কপি করে ।
(১৩) পিতা ও মাতা উভয়ের পাসপোর্ট সাইজ এবং স্ট্যাম্প সাইজ ছবি ০২ কপি করে ।
(১৪) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
(১৫) পিতা ও মাতার এসএসসি পরীক্ষার সনদের কপি (যদি থাকে)।

৩। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী জানার জন্য অত্র কলেজের সাথে যোগাযোগ করুন। যোগাযোগের নম্বরঃ ০১৭২০-৫৩২৬৮২, ০১৭৭২-৮০০৩৮২ ।

৪। **ক্যাডেট কলেজে যোগদানকালে নিম্নলিখিত দ্রব্যাদি সঙ্গে আনতে হবে** ঃ

ক্র/নং	দ্রব্যাদির বিবরণ	পরিমাণ	মন্তব্য
০১।	পাসপোর্ট সাইজের রঙিন ছবি	০৪ কপি	
০২।	স্ট্যাম্প সাইজের রঙিন ছবি	০২ কপি	
০৩।	চামড়ার জুতা (পাম্প সু - বাটা, মডেল নং-৬৫১-৬০৯১)	০১ জোড়া	
০৪।	কালো চামড়ার জুতা (অক্সফোর্ড - লোটো , মডেল নং-৮১৬০৬০৮)	০১ জোড়া	
০৫।	লোটো (LOTTO) কেড্‌স (মডেল নং- ৮০১০২৩৭)	০১ জোড়া	
০৬।	সাদা মোজা (নাইলন) কনসল	০২ জোড়া	
০৭।	কালো মোজা (নাইলন) কনসল	০২ জোড়া	
০৮।	চপ্পল (স্পঞ্জ সেন্ডেল)	০১ জোড়া	
০৯।	সাদা সালোয়ার-৬৫%×৩৫% (টেট্রন কাপড়ের)	০২টি	
১০।	সাদা কামিজ (গোল গলা) হাফ হাতা -৬৫%×৩৫% (টেট্রন কাপড়ের)	০২টি	
১১।	সাদা কাপড়ের বেল্ট এবং ওড়না - ৬৫%×৩৫% (টেট্রন কাপড়ের)	০২ টি	
১২।	শয়ন পোশাক (আকাশী নীল সূতি পপলিন কাপড়ের)	০২ সেট	
১৩।	সাদা সেমিজ (সুতি)	০৩ টি	
১৪।	নামাজের জন্য ওড়না	০২ টি	
১৫।	জ্যামিতি বক্স	০১ সেট	
১৬।	অন্তর্বাস	০৪টি	
১৭।	আন্ডার ওয়্যার	০৪টি	
১৮।	তালা ও চাবি (মাঝারি সাইজ)	০৩টি	
১৯।	প্লাস্টিক হ্যাঙ্গার	০৬টি	
২০।	রুমাল সাদা - ১৬″× ১৪″ (সূতি)	০২টি	
২১।	ট্রলি ব্যাগ (২২″)	০১টি	
২২।	কলম, কালি, পেন্সিল, ইরেজার, চুলের ফিতা(কালো), চুলের ক্লিপ (কালো), হেয়ার ব্যান্ড, (কালো) টুথপেস্ট, টুথ ব্রাশ, চিরুনী, আয়না, সাবান দানি, তেল সুই, বোতাম, কালো জুতার কালি, জুতার ব্রাশ, মেটাল পলিশ, সাদা পেস্ট (পিটি সু এর জন্য), স্যানিটারি তোয়ালে ইত্যাদি (প্রয়োজন অনুযায়ী)।		

৫। **নিম্নবর্ণিত দ্রব্যাদি কলেজ হতে সরবরাহ করা হবে ঃ**

ক্র/নং	দ্রব্যাদির বিবরণ	পরিমাণ	মন্তব্য
০১।	পরিচয় পত্র	০১ টি	
০২।	নামফলক - মেটালিক/প্লাস্টিক (নেমটেক)	০৪ টি (২+২)	
০৩।	শয়ন পোশাক	০১ সেট	
০৪।	বেড শীট - ৫´×৭.৫´ (বালিশের কভারসহ)	০২ সেট	
০৫।	মাফলার/গলা বন্ধনী	০১ টি	
০৬।	সাদা মোজা (কনসল)	০২ জোড়া	
০৭।	কালো মোজা (কনসল)	০২ জোড়া	
০৮।	তোয়ালে রঙ্গিন ৫৪´´× ২৭´´	০১ টি	
০৯।	তোয়ালে প্লেইন সাদা ৬০´´× ৩০´´	০১ টি	
১০।	সাদা রুমাল ১৬´´×১৪´´	০২ টি	
১১।	নেভী ব্লু কার্ডিগান	০১ টি	
১২।	স্কুল ব্যাগ (কলেজ মনোগ্রামসহ)	০১ টি	
১৩।	প্লাস্টিক বালতি মগসহ (আরএফএল)	০১ টি	
১৪।	ট্রাভেলিং ব্যাগ ২২´´ (কলেজ মনোগ্রামসহ)	০১ টি	
১৫।	মেডিক্যাল রিপোর্ট বই	০১ টি	

নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় স্টেশনারি দ্রব্যাদি এবং অন্যান্য পুস্তকাদি কলেজ কর্তৃপক্ষ সরবরাহ করবে ঃ

১। পাঠ্যপুস্তক কলেজ কর্তৃক সরবরাহ করা হবে।
২। প্রতি বিষয়ের জন্য প্রতি বৎসর ১০০ পাতার ০২ টি করে খাতা ।
৩। প্রতি টার্মে এক দিস্তার একটি করে রাফ খাতা ।
৪। সকল প্রকার পরীক্ষার জন্য প্রয়োজনীয় কাগজ/খাতা/আর্ট পেপার ইত্যাদি ।

বিশেষ দ্রষ্টব্য

ক। মোবাইল ফোন, পেন-ড্রাইভ, এমপি-৩, ৪ ইত্যাদি যন্ত্র, ক্যামেরা, ট্রানজিস্টার, রেকর্ড প্লেয়ার, ওয়াকম্যান, ঘড়ি, দামী কলম, আংটি অথবা কোন দামী জিনিস এবং বাজারের নোট বই/গাইড সংগে আনা সম্পূর্ণ নিষিদ্ধ ।

খ। উল্লিখিত পরিমাণের বেশী স্টেশনারি দ্রব্য কোন ক্যাডেটের প্রয়োজন হলে কলেজ ক্যান্টিন হতে ক্রয় করতে পারবে।

৬। ক। আপনার কন্যা/পোষ্যকে কলেজে প্রেরণের পূর্বে হেপাটাইটিস -বি, টাইফয়েড এবং ধনুষ্টংকার প্রতিষেধক টিকা দিতে হবে এবং এব্যাপারে টিকাদানকারী কেন্দ্র অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেয়া সনদপত্র/ প্রমাণপত্র তার সংগে জমা দিতে হবে। উল্লেখ্য যে, জন্ডিস প্রতিষেধক হেপাটাইটিস বি ভ্যাকসিন কলেজ ব্যবস্থাপনায় ক্যাডেটদের দেয়া যাবে তবে ৮ নং অনুচ্ছেদের ঝ-এ বর্ণিত ৯ নং কলামে প্রদত্ত টাকা (৪ ডোজ বাবদ) এবং HBsAG রক্ত পরীক্ষা করে সনদপত্র জমা দিতে হবে (যদি হেপাটাইটিস বি ভ্যাকসিন দেয়া না থাকে) । ক্রোড়পত্র 'খ' অনুচ্ছেদ ৬ ও ৯ - এ উল্লেখিত চোখের দৃষ্টি ও রক্তের গ্রুপের সনদ আলাদাভাবে প্রদান করতে হবে।

খ। আপনার কন্যা/পোষ্য যদি কোন চর্মরোগে আক্রান্ত হয়ে থাকে তাহলে তাকে ক্যাডেট কলেজে পাঠাবার পূর্বে যোগাযোগ পূর্বক চিকিৎসা করে সম্পূর্ণ সুস্থ অবস্থায় প্রেরণ করতে হবে।

৭। বাড়ির কাজ ঃ বাড়িতে আপনার কন্যা/পোষ্যকে সপ্তম শ্রেণির সিলেবাস অনুযায়ী প্রস্তুতি নিতে হবে যাতে সে ক্যাডেট কলেজে এসে এখানকার লেখাপড়ার সাথে সংগতি রক্ষা করে চলতে পারে । এখানে তার অবস্থান নির্ভর করবে সুন্দর আচার-আচরণ এবং লেখাপড়ার সন্তোষজনক অগ্রগতির উপর ।

৮। ক্যাডেট কলেজ ফিস ঃ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে আপনার কন্যা/পোষ্যের মাসিক কলেজ ফিস .... (কলেজ কর্তৃক পূরণীয়) টাকা ধার্য করা হল । উক্ত ধার্যকৃত কলেজ ফিস প্রতি মাসে অগ্রিম পরিশোধ করতে হবে (উদাহরণস্বরূপ বলা যেতে পারে যে জুলাই মাসের কলেজ ফিস জুন মাসের ১৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে । এভাবে বার মাসের কলেজ ফিস অগ্রিম পরিশোধ করতে হবে)। কেউ ইচ্ছা করলে ত্রৈমাসিক কিস্তিতে কলেজ ফিস অগ্রিম পরিশোধ করতে পারবেন (যেমনঃ জুলাই-সেপ্টেম্বর ১ম কিস্তি, অক্টোবর-ডিসেম্বর ২য় কিস্তি, জানুয়ারি-মার্চ ৩য় কিস্তি, এপ্রিল-জুন ৪র্থ কিস্তি) । সেই ক্ষেত্রে ১ম কিস্তির টাকা ১৫ জুন, ২য় কিস্তির টাকা ১৫ সেপ্টেম্বর, ৩য় কিস্তির টাকা ১৫ ডিসেম্বর এবং ৪র্থ কিস্তির টাকা ১৫ মার্চ এর পূর্বে পরিশোধ করতে হবে)। উল্লেখ্য যে, কোন কারণে ক্যাডেটশীপ বাতিল হলে অগ্রিম প্রদানকৃত কলেজ ফিস ফেরত দেয়া যাবে না।

৯। ক্যাডেট কলেজের পাওনাদি পরিশোধের নিয়ম-কানুন ঃ ক্যাডেট কলেজের পাওনাদি পরিশোধের ব্যাপারে নিম্নলিখিত নিয়মকানুন অত্যন্ত কঠোরভাবে অনুসরণ করা হয় ঃ

ক। ক্যাডেট কলেজে পরিশোধকৃত টাকা ফেরৎ দেয়া হয় না ।

খ। নির্ধারিত সময়ের মধ্যে কলেজ ফিস পরিশোধ করতে ব্যর্থ হলে কলেজ ফিস পরিশোধে বিলম্বের জন্য পুনঃ ভর্তি ফিস জরিমানা হিসেবে ৪০০/- টাকা এবং বিলম্ব সময়ের প্রত্যেক দিনের জন্য ২০/- টাকা হারে জরিমানা পরিশোধ করতে হবে।

গ। যদি কোন অভিভাবক নির্ধারিত সময়ের মধ্যে তার কন্যা/পোষ্য এর কলেজ ফিস পরিশোধ করতে ব্যর্থ হন তাহলে কলেজ হতে তাকে লিখিতভাবে কোন নির্দিষ্ট তারিখের মধ্যে কলেজ ফিস (জরিমানাসহ) পরিশোধ করার জন্য জানিয়ে দেয়া হবে। পত্রে উল্লিখিত তারিখের মধ্যে যদি কোন অভিভাবক কলেজ ফিস পরিশোধ করতে ব্যর্থ হন তাহলে তাকে দ্বিতীয়বার পত্র দ্বারা এইমর্মে সতর্ক করা হবে যে, যদি কলেজ কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে ফিস পরিশোধ করতে ব্যর্থ হন তাহলে তার কন্যা/পোষ্যকে কলেজ হতে প্রত্যাহার করা হবে । কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অভিভাবকের নিকট হতে পূর্ণ ক্ষতিপূরণ আদায় সাপেক্ষে ছাড়পত্র প্রদান করবেন ।

ঘ) কলেজ ফিসের অর্থ অধ্যক্ষ, জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ, অনলাইন হিসাব নং-০২০০০১২১৩৮৪১৬, অগ্রণী ব্যাংক লিমিটেড, জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ শাখার উপর অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে। অনলাইনে কলেজ ফিস জমার ক্ষেত্রে অবশ্যই ব্যাংক নেরেটিভ কলামে ক্যাডেট নম্বর উল্লেখ করতে হবে এবং ব্যাংক জমার মূলকপি অবশ্যই কলেজে প্রেরণ করতে হবে। ব্যাংক বিবরণীতে ক্যাডেট নম্বর উল্লেখ না থাকলে সংশ্লিষ্ট ক্যাডেটের মাসিক টিউশন ফি বকেয়া রয়েছে বলে গণ্য হবে।

ঙ) জামানত বাবদ অর্থ ঃ ক্যাডেট যখন কলেজে ভর্তি হবে তখন ক্যাডেট কলেজের কলেজ ফিস ছাড়াও ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জামানত বাবদ প্রদান করতে হবে । এই অর্থ আপনার কন্যা/পোষ্যের নামে জমা থাকবে এবং সে যদি কলেজ সম্পদ নষ্ট করে বা

হারিয়ে ফেলে তাহলে ক্ষতিপূরণ বাবদ প্রয়োজনীয় অর্থ উক্ত জমা টাকা হতে কর্তন করা হবে। এক্ষেত্রে আপনাকে পুনরায় ঐ পরিমাণ অর্থ জামানত স্বরূপ প্রদান করতে হবে যা আপনার কন্যা/পোষ্যের কলেজ পরিত্যাগ করার সময় ফেরৎ দেয়া হবে।

চ) পকেটমানি ঃ সংশ্লিষ্ট ক্যাডেটের নামে সঞ্চয়ী হিসাব খোলা হবে। প্রতি পর্বে পকেট মানি বাবদ ২০০০/- (দুই হাজার) টাকা পাঠাতে হবে। স্মরণ রাখবেন যে, পকেট মানির টাকার সংগে কলেজ ফিসের কোন সংশ্রব নাই। এই টাকা ক্যাডেটের নামে ক্যাডেট নম্বর উল্লেখ পূর্বক নির্ধারিত ব্যাংকের নির্ধারিত শাখার উপর ব্যাংক ড্রাফট অথবা সংশ্লিষ্ট ক্যাডেটের হিসাব নম্বরে জমা করতঃ জমা রশিদ হাউস মাস্টার বরাবরে প্রেরণ করতে হবে। পকেট মানির টাকা ক্যাডেটের নিজ নামে ব্যাংকে সেভিংস একাউন্টে জমা রাখা হয়। এই একাউন্টে যদি পর্যাপ্ত পরিমাণ টাকা না থাকে তবে ব্যক্তিগত প্রয়োজনের সময় ক্যাডেটকে অসুবিধার সম্মুখীন হতে হয়। প্রকাশ থাকে যে, ক্যাডেটের যাবতীয় খরচ কলেজের নিয়ন্ত্রণাধীনে করা হয়। কোন অবস্থাতেই পকেট মানির টাকা কলেজ ফিসের টাকার সাথে প্রেরণ করা যাবে না। কোন ক্যাডেট নগদ টাকা সংগে রাখতে পারবে না এবং এ রকম কোন অর্থ তাকে পাঠানো যাবে না।

ছ) যাতায়াত খরচ ঃ ক্যাডেটের বাড়ি হতে কলেজে আসা এবং কলেজ হতে বাড়ি যাবার যাতায়াত খরচ অভিভাবককে আলাদাভাবে বহন করতে হবে। উক্ত অর্থ ক্যাডেটের পকেট মানি হতে কেটে নেয়া হবে অথবা অভিভাবককে আলাদাভাবে কলেজ কর্তৃপক্ষের নিকট টাকা পাঠাতে হবে।

জ) চিকিৎসা ঃ সাধারণ রোগের জন্য চিকিৎসা বিনামূল্যে কলেজ হাসপাতালে করা হবে। বিশেষ ধরণের অথবা জটিল চিকিৎসার জন্য সেনানিবাস হাসপাতালে (সম্মিলিত সামরিক হাসপাতালে) চিকিৎসা করানো হবে। উল্লিখিত স্থানের বাইরে যাবতীয় খরচ অভিভাবককে বহন করতে হবে।

ঝ) ভর্তির ফিসের পরিমাণ ঃ নিম্নলিখিত পরিমাণ অর্থ অধ্যক্ষ, জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ এর অনুকূলে, অগ্রণী ব্যাংক লিমিটেড, জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ শাখার উপর অনলাইনের মাধ্যমে/কলেজে উপস্থিত হয়ে ব্যাংকে আগামী ...... মে ২০২১ তারিখের মধ্যে ২নং অনুচ্ছেদে উল্লেখিত কাগজ পত্রের সাথে জমা করতে হবে। চেক/নগদ অর্থ গ্রহণযোগ্য নয়।

ক্রমিক	বিবরণ	টাকা	ব্যাংক হিসাব নম্বর	মন্তব্য
১।	জুন ২০২১ মাসের কলেজ ফিস (অভিভাবক সাক্ষাতকার শেষে কলেজ কর্তৃক নির্ধারণ করা হবে)	....	অধ্যক্ষ জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ হিসাব নং- ০২০০০১২১৩৮৪১৬	
২।	জামানত অর্থ (কশান মানি)	২৫০০০.০০	অধ্যক্ষ জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ হিসাব নং- ০২০০০০৭১৮১৯৪৪	
৩।	ম্যাগাজিন ফান্ড বাবদ (বাৎসরিক দেয়) কলেজ ক্রেস্ট ফান্ড বাবদ (বাৎসরিক দেয়) পরিবার নিরাপত্তা প্রকল্প বাবদ (বাৎসরিক দেয়) পূর্ণমিলনী চাঁদা বাবদ (বাৎসরিক দেয়)	১২২০.০০	অধ্যক্ষ জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ হিসাব নং- ০২০০০০৭১৮১৯৬৩	
৪।	অভ্যন্তরীণ পরীক্ষার ফি (ডিসেম্বর ২০২১ পর্যন্ত) প্রতিমাসে ২০০/-টাকা হারে এবং রেড ক্রিসেন্ট ফি ১৫/-টাকা	২০০০.০০		
৫।	হেপাটাইটিস বি ভ্যাকসিন বাবদ (যদি দেয়া না থাকে)	১৩৫০.০০		
৬।	হাউসের লকার সাজ-সজ্জাকরণ, ব্যাংকে হিসাব খোলা, ছবি তোলা ও হাউস ফান্ড বাবদ নগদ	১,০০০.০০		
	ক্রমিক ৩-৬ এর যোগফল	৫৫৭০.০০		

ঞ। পকেট মানি (ক্যাডেটের নামে ক্যাডেট নম্বর উল্লেখ পূর্বক ব্যাংকে জমা করতে হবে) ঃ টাঃ ২,০০০.০০
(পকেট মানির জন্য ক্যাডেটদের ব্যক্তিগত নামে অগ্রণী ব্যাংক, জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ শাখায় হিসাব নম্বর খুলতে হবে।)

(বিঃদ্রঃ ক্রমিক নং-ঝ তে বর্ণিত উপ-অনুচ্ছেদ ০১, ০২ এবং ০৩-০৬ নং অর্থ পার্শ্বে উল্লেখিত হিসাব নম্বরে জমা করতে হবে।

১০। উপরোক্ত বিষয়াদি আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।



মোঃ ফখর উদ্দিন আখন্দ
অধ্যক্ষ

বিতরণ ঃ

বহির্গমন ঃ

কার্যক্রম ঃ

২০২১ সালে ৭ম শ্রেণিতে ভর্তিকৃত নবাগত ক্যাডেট অভিভাবক

আভ্যন্তরীণঃ

হিসাব শাখা
কলেজ স্টোর